



কাল এসএসসি পরীক্ষা শুরু

(সিজন্য বার্তা পরিবেশক)
আগামীকাল শনিবার থেকে সারাদেশে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা শুরু হচ্ছে। দেশের ৪টি শিক্ষা বোর্ডের অধীনে মোট ৩ লাখ ৬৬ হাজার ৫৭ ১৩ জন ছাত্র-ছাত্রী আসন্ন পরীক্ষার অংশ নিচ্ছেন। এর মধ্যে ঢাকা বোর্ডের ছাত্র-ছাত্রীর সংখ্যা ১ লাখ ১৩ হাজার ২৭ ৬০। কুমিল্লা বোর্ডের ছাত্র-ছাত্রীর সংখ্যা ৮৫ হাজার ৯৭ ৫১। রাজশাহী বোর্ডের ছাত্র-ছাত্রীর সংখ্যা ৮৭ হাজার ৫৭ ৭৩ ও যশোর বোর্ডের ছাত্র-ছাত্রীর সংখ্যা ৭৯ হাজার ৭৭ ৭৫। সারাদেশে পরীক্ষা কেন্দ্রের সংখ্যা মোট ৫৮০টি। পরীক্ষার্থীদের মধ্যে ছাত্রের সংখ্যা ছাত্রীর সংখ্যার (শেষ পৃ: ৬-এর ক: দ্র:)

কাল এসএসসি পরীক্ষা শুরু

(১ম পাতার পর)
থেকে বিত্তেরও কিছু বেশি।

ঢাকা বোর্ড কর্তৃপক্ষ ১৭ ৩৬টি কেন্দ্র ও ১৩টি উপকেন্দ্রের মাধ্যমে পরীক্ষা গ্রহণের সকল প্রস্তুতি সম্পন্ন করেছেন। এছাড়া দেশের বাইরে ঢাকা বোর্ড কর্তৃপক্ষ আরো ৮টি কেন্দ্রের মাধ্যমে বিদেশে অবস্থানরত পরীক্ষার্থীদের পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করেছেন। এবার মাত্র দু'সপ্তাহের মধ্যে ঢাকা বোর্ডের সকল বিষয়ের পরীক্ষা সমাপ্ত হবে। আগামীকাল ৭ই মার্চ থেকে পরীক্ষা শুরু হবে এবং ২২শে মার্চ শেষ হবে।

আসন্ন মাধ্যমিক পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য শিক্ষা মন্ত্রণালয় থেকে দেশের সকল জেলা প্রশাসকের নিকট ইতিমধ্যেই চিঠি পাঠানো হয়েছে।

জেলা প্রশাসক ও কেন্দ্র সার্চিবগণকে পরীক্ষা কেন্দ্রে বোর্ড কর্তৃক নির্দিষ্ট করে দেয়া সময়সূচী ও নির্দেশ মোতাবেক পরীক্ষা অনুষ্ঠানের নিশ্চয়তা বিধানের দায়িত্ব দেয়া হয়েছে। পরীক্ষা কেন্দ্রে সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখা এবং পরিদর্শক ও সংশ্লিষ্ট কর্মচারীদের নিরাপত্তা বিধানের জন্য স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থাকে সতর্ক থাকতে বলা হয়েছে।

কোন সরকারী প্রতিষ্ঠানে পরীক্ষা অনুষ্ঠানের ব্যাপারে কোন শৈথিল্য দেখা গেলে সংশ্লিষ্ট ব্যক্তি বা ব্যক্তিদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। কোন বেসরকারী প্রতিষ্ঠানে সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানে ব্যর্থ হলে উক্ত প্রতিষ্ঠানের সকল শিক্ষকের অথবা দোষী শিক্ষকের 'টিচার বেনিফিট' এমনকি সংশ্লিষ্ট গ্র্যাণ্ড বন্ধ করে দেয়া হবে বলে শিক্ষা মন্ত্রণালয় সিদ্ধান্ত নিয়েছে।

ঢাকা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক মোঃ দলিলউদ্দিন মওল জানিয়েছেন যে, ঢাকা বোর্ডের অধীন

বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে সরকারিভাবে উদ্বৃত্তের জন্য কর্তৃপক্ষ এবার কয়েকটি 'ভিজিলেন্স টিম' গঠন করেছেন। তিনি জ্ঞানান, সাধারণতঃ যেসকল কেন্দ্রে ব্যাপক অসাধুতা বা গণটোকাটুকি হয় বলে কর্তৃপক্ষের নিকট সংবাদ আছে সেই কেন্দ্রগুলির প্রতি বিশেষ নজর রাখাই এই 'ভিজিলেন্স টিম' গঠনের মূল উদ্দেশ্য।

ঢাকা বোর্ড কর্তৃপক্ষ পরীক্ষা চলাকালীন সময়ে একটি 'কন্ট্রোল রুম' খোলা রাখার সিদ্ধান্ত নিয়েছেন। উক্ত কন্ট্রোল রুমের টেলিফোন নম্বর হচ্ছে ৫০৮৯৯৬।

শিক্ষামন্ত্রীর আহ্বান
শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান আগন্ন মাধ্যমিক পরীক্ষায় সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখার জন্য শিক্ষক, অভিভাবক ও ছাত্রদের প্রতি আহ্বান জানিয়েছেন।

গতকাল বৃহস্পতিবার মগ-বাড়ার গালস হাই স্কুলে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে বক্তৃতাকালে তিনি এই আহ্বান জানান। তিনি পরীক্ষার অসাধুতা অবলম্বন থেকে বিরত থাকার জন্য পরীক্ষার্থীদের প্রতি পরামর্শ দেন।

কলেজ-বিশুবিদ্যালয় শিক্ষক সমিতি
বাংলাদেশ কলেজ-বিশুবিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আব্দুলরুজ্জামান ও সাধারণ সম্পাদক অধ্যাপক গোলাম মামদানী কোরায়শী এক বক্তৃতিতে আগন্ন মাধ্যমিক পরীক্ষা যাতে শান্তিপূর্ণ পরিবেশে সুষ্ঠুভাবে সম্পন্ন হয় সেজন্য ছাত্র-শিক্ষক-অভিভাবকসহ সংশ্লিষ্ট সকলকে সচেতন প্রয়াস গ্রহণের আহ্বান জানিয়েছেন।